

Applied Grammar

1

Articles

Presentation

নিচের পাঠ্যংশটি লক্ষ কর:

We met **a** boy while going to my college, Rajdhani Ideal College. **The** boy was carrying **a** bag. He had apples in **the** bag. He gave **the** apples to a beggar. **The** beggar thanked **the** boy.



আমরা দেখতে পাই প্রতিটি Noun এর প—

র্বে 'a' বা 'an' বা 'the' ব্যবহার করা হয়েছে। এই A, An ও The কে article বলে। এখানে দুই ধরনের Article ব্যবহার করা হয়েছে।

(i) কখনো কখনো আমরা The ব্যবহার করেছি। শ্রোতা বা পাঠকের কাছে Noun টি স্পষ্ট অর্থাৎ নির্দিষ্ট করে বুঝাতে আমরা সেই Noun এর প—র্বে The ব্যবহার করেছি। তাই **The** কে **Definite Article** বলা হয়।

(ii) আবার, 'কোনো একজন' অর্থাৎ অনির্দিষ্ট বুঝাতে আমরা A/An ব্যবহার করেছি। তাই A/An কে **Indefinite Article** বলে।

A and An এর মধ্যে পার্থক্য

নিচের পাঠ্যংশটি লক্ষ কর :

Aria went out for shopping yesterday. She bought **a new dress** for herself. She also bought **an excellent story book** for me.

আমরা দেখতে পাই 'ছ' A/ An উভয়ই 'কোনো একটি' অর্থ প্রকাশ করতে ব্যবহৃত হয়েছে। তাই আমরা বলতে পারি অর্থগত দিক দিয়ে A ও An এর মধ্যে কোনো পার্থক্য নেই; শুধু অবস্থানগত পার্থক্য আছে। An ব্যবহার করা হয়েছে Vowel sound এর প—র্বে এবং A ব্যবহার করা হয়েছে Consonant sound এর প—র্বে। নিচের পাঠ্যংশটি লক্ষ কর:

There was **an orphan** boy. He read in **a university**. He was very regular in his class. He worked in **a private** firm after his class. Thus he continued his study and finally obtained **an MA** degree.

লক্ষণীয়, 'MA' শব্দটির 'M /em/' letter টি Consonant হলেও তা 'উ' চারণে vowel sound হবার কারণে তার প—র্বে An ব্যবহার করা হয়েছে।

আবার, 'University' শব্দটির 'U /iu/' letter টি Vowel হলেও তা 'উ' চারণে Consonant sound হবার কারণে তার প—র্বে A ব্যবহার করা হয়েছে। মনে রাখবে, 'ইউ /iu/' বা 'ওয়া /wal/' ইংরেজিতে Consonant sound।

Practice

1. Use a or an in the blanks.

(a) — European tourist. (b) — house. (c) — useless dress. (d) — honourable man. (e) — umbrella. (f) —

unicorn. (g) — hour and a half. (h) — university. (i) — unhappy man. (j) — honest boy.

Article এর পুনরাবৃত্তি

Presentation

Highlighted শব্দ বা শব্দগু" ছ মনোযোগ দিয়ে লক্ষ কর:

Yesterday, I and my friend went to New Market. I bought **a black and a white cat**. **They** cost me 1000 taka. They look very nice. My friend, Badal, bought **a black and white rabbit** which is also nice. **It** cost him 1500 taka.

লক্ষ কর, "A black and a white cat" এর Pronoun 'They' লেখা হয়েছে। অর্থাৎ এখানে দুইটি বিড়ালকে বুঝানো হয়েছে যার একটি কালো ও অন্যটি সাদা। কিন্তু 'A black and white rabbit' এর Pronoun 'It' লেখা হয়েছে। অর্থাৎ এখানে একটি খরগোশ বুঝানো হয়েছে যেটি কালো ও সাদা রং মিশ্রিত। অর্থাৎ ভিন্ন ভিন্ন সত্তা বুঝালে প্রতিটি noun বা adjective এর প—র্বে article ব্যবহার করা হয়। কিন্তু একই সত্তা বুঝালে শুধু প্রথমে article বসে।

Practice



2. Repeat the article or use cross (x) where repetition not necessary.

- The Principal and ___ Secretary of National Ideal College gave away prizes among the meritorious students yesterday.
- The head coach and ___ manager of the club inaugurates the function.
- The Principal and ___ math teacher were jointly awarded as the best teacher.
- There are on the committee among others a great writer and ___ actor.
- John was a great orator and ___ statesman.
- The Secretary and ___ Treasurer have given their approval for the plan.
- The Chairman and ___ member of PDB has been found guilty.
- The cow is a useful and ___ domestic animal.

Articles এর মঞ্চ নিয়ম

এটি একটি সহজ পদ্ধতি। আমাদের খেয়াল রাখতে হবে বাক্যে ব্যবহৃত তথ্যটি কার ক্ষেত্রে প্রযোজ্য:

- ◆ সবখানে সবার জন্য?
- ◆ অনেকের মধ্যে একজন বা কয়েকজনের জন্য?
- ◆ নির্দিষ্ট একজন বা কয়েকজনের জন্য?

সবখানে সবার জন্য প্রযোজ্য

Presentation

নিচের পাঠ্যংশটি পড়:

An/ The ant (সবখানের সব ants) is an industrious

insect. × Bees (সবখানের সব Bees) are also industrious insects. If we observe the life of a successful man, we will find that he is also industrious.

প্রথম বাক্যে দেখা যাচ্ছে, ‘ant’ হ’ছে Singular countable noun এবং ‘an industrious insect’ তথ্যটি সবখানের সব ant এর ক্ষেত্রে প্রযোজ্য। এখানে ant শব্দটির প-র্বে An বা The ব্যবহার করা হয়েছে।

দ্বিতীয় বাক্যে দেখা যাচ্ছে, ‘Bees’ হ’ছে Plural countable noun এবং ‘an industrious insect’ তথ্যটি সবখানের সব bees এর ক্ষেত্রে প্রযোজ্য। এখানে bees শব্দটির প-র্বে কোনো article ব্যবহার করা হয়নি।

এবার নীচের পাঠ্যাংশটি পড়:

× Water has no colour of its own. But the water of St Martins looks blue.

প্রথম বাক্যে দেখা যাচ্ছে, ‘Water’ হ’ছে Uncountable noun এবং ‘no colour of its own’ তথ্যটি সবখানের সব water এর ক্ষেত্রে প্রযোজ্য। এখানে water শব্দটির প-র্বে কোন article ব্যবহার করা হয়নি।

অতএব, যে তথ্য সবখানের সবার জন্য প্রযোজ্য সেক্ষেত্রে আমরা ব্যবহার করি:

Rule-1: Uncountable noun এর সাথে no article (×)

Temperature is measured in degrees. Money makes the world go around.

Rule-2: Plural nouns এর সাথে no article (×)

Volcanoes are formed by pressure under the earth’s surface.

Rule-3: Singular nouns এর সাথে ‘the/A/An’

The computer is a marvellous invention. The elephant lives in family groups.



(i) যদি কোনো প্রাণী, শরীরের অঙ্গ, গাছপালা, বাদ্যযন্ত্র ও জটিল আবিষ্কার এর ক্ষেত্রে প্রদত্ত তথ্য সবার জন্য প্রযোজ্য হয় তবে আমরা প্রায়ই the + singular noun ব্যবহার করি। কিন্তু সাধারণ জড় বস্তুর ক্ষেত্রে তথ্যটি সবার জন্য প্রযোজ্য হলে আমরা No article + plural noun ব্যবহার করি।

The cow is a domestic animal but **the** tiger is not.

The cow helps us in many ways.

× Books also help us to increase our knowledge.

(ii) ‘man’ শব্দটি মানব জাতি বুঝালে আমরা ‘man’ এর সাথে কোন article ব্যবহার করি না।

Man is mortal.

Practice



3. Use appropriate article in the blanks. Put a cross if no article is needed.

- cows live on grass.
- whales are the largest mammals.
- ___ money cannot buy happiness.
- We should read — books to enrich ourselves.
- time is more valuable than anything else.
- tiger is a ferocious animal.
- The lion is the king of — beasts.

(h) We cannot live without — water.

(i) — practice makes a man perfect.

(j) — bee lives in a group.

অনেকের মধ্যে একটি বা কিছু’র জন্য প্রযোজ্য

Presentation

নিচের পাঠ্যাংশটি মনোযোগ দিয়ে পড়:

One day I met a lame man. After talking for a while he showed me an identity card. Seeing the identity card I came to know that he was a university student.

পাঠ্যাংশে ব্যবহৃত ‘man, card and student’ শব্দগুলি Singular countable এবং অনেকের মধ্যে একটি/ একজন বুঝায়। এর প-র্বে article ‘a’ ব্যবহার করা হয়েছে।

আবার নীচের পাঠ্যাংশটি মনোযোগ দিয়ে পড়:

We were returning home. On the way we met a little girl. The girl was selling × flowers on the street. She was also selling × water.

পাঠ্যাংশে ব্যবহৃত ‘flowers’ শব্দটি Plural countable এবং অনেকের মধ্যে কয়েকটি বুঝায়। আবার, ‘water’ শব্দটি Uncountable noun এবং কিছু বুঝায়। এর প-র্বে কোন article ব্যবহার করা হয়নি।

তাই, অনেকের মধ্যে একটি বা অনেকের মধ্যে কিছু’র জন্য প্রযোজ্য বুঝাতে:

Rule-4: Uncountable noun এর সাথে no article (×)

Our science class mixed × boric acid with × water today.

Rule-5: Plural nouns এর সাথে no article (×)

We’re happy when people bring × cookies!

Rule-6: Singular nouns এর সাথে ‘a/an’

Bring an umbrella if it looks like rain. You’ll need a visa to stay for more than ninety days.

Practice



4. Fill in the gaps with appropriate articles.

- Once upon a time there was — king.
- His palace was surrounded by — beautiful gardens.
- He called in — doctor.
- The king could be healed if he wore a shirt of — happy man.
- messengers were sent everywhere, but no happy man could be found.
- Long long ago — mirror was found in a paddy field.
- water is first boiled in a kettle to make tea.
- Then — tea dust is put in it.
- I saw a girl selling — flowers.
- I like drinking — milk in the morning.



কীভাবে বুঝবে সবখানে সবার জন্য প্রযোজ্য না অনেকের মধ্যে একজন/ অনেকের জন্য প্রযোজ্য

এটা বুঝার জন্য ‘All + Noun + everywhere’ শব্দটি ব্যবহার করলে যদি অর্থ ঠিক থাকে তবে ধরে নিতে হবে সবখানে সবার জন্য প্রযোজ্য। কিন্তু অর্থ ঠিক না থাকলে ধরে নিতে হবে অনেকের মধ্যে এক বা কিছু’র জন্য প্রযোজ্য।

The cow lives on grass. — “All cows everywhere” live on grass. (এখানে অর্থ পরিবর্তন হয়নি).

A cow gave birth to a calf last night. —“All cows everywhere” gave birth to a calf last night. (এখানে অর্থ পরিবর্তন হয়েছে যা ঘটনা সম্ভব নয়).

Practice



5. Fill in the gaps with appropriate articles.

- We know that — birds can fly.
- man came to me yesterday.
- The man saluted me with — love and respect.
- Today — women are playing an important role in society.
- They are joining — different professions.
- She began to pour — hot water on the head of Socrates.
- During childhood — child receives training from its mother.
- He advised him to buy — heavy club.
- We are very much afraid of — burglars.
- While in Tahiti, he was short of — money.

নির্দিষ্ট একটি বা কিছু



নিচের পাঠ্যংশটি মনোযোগ দিয়ে পড়:

We met a boy at railway station. The boy is an orphan. He was sitting with some flowers and water to sell. The flowers were very fresh but it seems to me the water was not pure.

পাঠ্যংশটিতে ব্যবহৃত ‘boy, flowers and water’ শব্দগুলি নির্দিষ্ট। কারণ এগুলো প- বে উল্লেখ করা হয়েছে। এর প- বে article ‘the’ ব্যবহার করা হয়েছে।

তাই নির্দিষ্ট একজন (একটি)/ কিছু বুঝাতে:

Rule-7: অধিকাংশ Proper noun এর সাথে no article (×)

My research will be conducted in × Luxembourg.

Rule-8: Uncountable nouns এর সাথে ‘the’

Step two: mix the water with the boric acid. The laughter of my children is contagious.

Rule-9: Plural noun এর সাথে ‘the’

We recruited the nurses from General Hospital. The projects described in your proposal will be fully funded.

Rule-10: Singular noun এর সাথে ‘the’

Bring the umbrella in my closet if it looks like rain. Did you get the visa you applied for?



কিভাবে বুঝব ‘নির্দিষ্ট একজন বা কিছু’

- যার দ্বিতীয়টি নেই
The earth rotates around the sun. The future looks bright!
- শোভা ও বক্তা যখন বুঝতে পারে কাকে বুঝানো হবে” ছ
The boss just asked about the report. Meet me in the parking lot after the show.
- প্রথম বার উল্লেখসহ দ্বিতীয় বার উল্লেখ করা হলে।
I found a good handout on English articles. The handout is available online. You can get a giant ice cream cone downtown. If you can eat the cone in five seconds, you get another one free.
- প্রথমবার ইজ্জতসহ দ্বিতীয় বার উল্লেখ করা হলে।

Dr. Frankenstein performed a complicated surgery. He said the patient is recovering nicely. (এখানে surgery শব্দটি দ্বারা patient শব্দের ইজ্জত বুঝা যায়।)

- Ordinals ও superlatives এর প- বে (first, next, primary, most, best, least, etc.)
The first man to set foot on the moon... The greatest advances in medicine...
- Specifiers (sole, only, principle, etc.) এর প- বে
The sole purpose of our organization is... The only fact we need to consider is...
- Restrictors (words, phrases, or clauses যা কোন noun এর অর্থকে সীমাবদ্ধ করে দেয়।) ব্যবহার করা হলে noun টি নির্দিষ্ট হয়ে যায়।
Study the chapter on preposition for the test tomorrow. Also study the notes you took at the lecture that Mr Harun gave yesterday.

Practice



6. Fill in the blanks with appropriate articles :

- ___ James Norman Hall was an American writer.
- To save money he wanted to make a vegetable garden in front of his house. But — land was full of ants and land-crabs.
- Bangladesh is a land of — scenic beauty.
- wild animals of the Sundarbans are also a great asset.
- We know the story of an ant and a grasshopper. — ant was industrious.
- He makes — best use of his time.
- We live on — ground floor of an old house.
- You must have heard — name of Kazi Nazrul Islam.
- When — First World War broke out, he joined the army.
- Have you finished reading ___ book that I gave you yesterday?

Articles এর বিশেষ ব্যবহার

Proper Nouns

Rule-11: I like the writings of Nazrul. I think he is a Byron. However, we can say, he is the Byron of Bangladesh.

যখন Proper Noun কে Subject এর সাথে তুলনা করা হয় তখন Proper Noun এর সাথে আমরা a/ an ব্যবহার করি। কিন্তু Proper Noun এর পর prepositional phrase থাকলে আমরা the ব্যবহার করি।

Rule-12: The Taj Mahal is the symbol of love. Emperor Shahjahan built it to immortalize his love for his wife Mumtaz. It stands on the Jamuna.

ঐতিহাসিকভাবে উল্লেখযোগ্য স্থান, ভবন, সমুদ্র, নদী, সংবাদপত্র, মর” ভূমি, হোটেল, সিনেমা, মিউজিয়াম ও গ্যালারির নামের প- বে আমরা ‘the’ ব্যবহার করি।

Rule-13: The United Kingdom and The United States are the most powerful countries of the world now.

যেসব Proper noun দ্বারা republic, state, union বা group বুঝায় তার প- বে আমরা ‘the’ ব্যবহার করি।

Rule-14: I am a student of the University of Dhaka.

The students of Dhaka University played a great role in the Language Movement.

Noun + preposition + Noun দিয়ে যে proper noun গঠিত তার প- বে আমরা 'the' ব্যবহার করি।

Jobs and Positions

Rule-15: The Headmaster praised me yesterday. But Principal Rafiqul Islam did not like it. So I will campaign so that the members of the association do not elect him President.

লক্ষ কর, কোনো পদ (position) এর প- বে আমরা 'the' ব্যবহার করি। কিন্তু পদ (position) এর সাথে যদি কোনো Proper noun থাকে বা পদ যদি Complement হিসেবে বসে তবে কোনো article বসে না।

Rule-16: The mother rose in her. We should control the beast in us. Here 'mother' means quality of a mother.

Singular noun যদি Abstract idea প্রকাশ করে তবে তার প- বে 'the' ব্যবহার করা হয়।

Adjective/ Verb/ Adverb

Rule-17: Fahima is x brilliant. She always helps the poor. She everyday goes out for a walk in the morning.

সাধারণত, আমরা adjective/ adverb/ verb এর প- বে কোনো article ব্যবহার করি না। কিন্তু adjective যদি noun হিসেবে বসে তবে তার প- বে 'the' ব্যবহার করি এবং verb যদি noun হিসেবে বসে তবে তার প- বে আমরা 'a/an' ব্যবহার করি।

Rule-18: Akbar the Great was an emperor of Delhi. [Here Akbar (Proper noun; Great (adjective)) Proper noun এর সাথে Adjective বসলে, আমরা এ Adjective এর প- বে 'the' ব্যবহার করি।

Rule-19: Adjective এর Comparative form এর সাথে 'of the two' থাকলে এ adjective এর প- বে আমরা 'the' ব্যবহার করি। Bina is the younger of the two girls.

Rule-20: Double comparative থাকলে আমরা উভয়টির সাথে 'the' ব্যবহার করি।

The higher we fly, the harder we fall. The more, the merrier.

Rule-21: Possessive/ Adjective/ Determiner এর পর কোনো article বসে না।

My x pen is red.

Parts of the body

Rule-22: অঙ্গ এর সাথে সাধারণত আমরা possessives ব্যবহার করি; তবে preposition থাকলে 'the' ব্যবহার করি।

She broke her leg climbing. She has been shot in the leg.

Illness

Rule-23: রোগ বা ব্যথার নাম সাধারণত uncountable। তাই এর প- বে article বসে না।

She never had x measles. I have got x toothache again.

Rule-24: কিন্তু cough, headache, cold এর সাথে আমরা 'a/ an' ব্যবহার করি। I have got a horrible cold.

Institutions

Rule-25: School, College, Market, Bed, Hospital, Prison, Mosque, Temple, Church, Court যখন primary উদ্দেশ্যে Visit করা হয় তখন আমরা কোনো Article ব্যবহার করি না। তবে secondary উদ্দেশ্যে প্রকাশ করলে 'the' ব্যবহার করি।

The patient was admitted to x hospital. (Primary purpose)

I went to the hospital to see the patient. (Secondary purpose)

Sports, Language, festivals and disciplines

Rule-26: Sports, discipline, language, festival এর নাম এবং society, nature, space, relation এর প- বে কোনো Article বসে না।

x February is the second month of the year. x Cricket is my favourite game. x Mother manages the finances in our family.

Measurements

Rule-27: 'by' যুক্ত পরিমাপকের প- বে আমরা 'the' ব্যবহার করি। কিন্তু 'প্রতি' অর্থে পরিমাপকের প- বে 'a/ an' বসে।

Do you sell the eggs by the dozen? ~ Yes I do. 100 taka a dozen.

Rekha earns five thousand taka a month. (Here 'a' means 'every')

Musical Instrument

Rule-28: Musical instrument এর সাথে আমরা সাধারণত 'the' ব্যবহার করি। তবে jazz, pop, classic music এর সাথে কোনো Article ব্যবহার করি না।

The violin is really difficult. Who is playing the piano?

Radio, Cinema, Theatre and Television

Rule-29: এই বিনোদন মাধ্যমগুলোর ব্যবহার বুঝলে আমরা সাধারণত 'the' ব্যবহার করি। কিন্তু এগুলো পেশার ক্ষেত্রে ব্যবহার করা হলে কোনো Article ব্যবহার করি না।

I always listen to the radio while doing my homework.

He has worked in radio and television all his life.

Days, Months and Seasons

Rule-30: Days, months and seasons এর সাথে সাধারণত আমরা Article ব্যবহার করি না। তবে morning/ afternoon/ evening এর সাথে 'the' ব্যবহার করি।

Jack, meet me on Thursday. ~ Ok. I will in the morning.

Double Expression

Rule-31: বিশেষ করে preposition যুক্ত double expressions এর সাথে আমরা কোনো article ব্যবহার করি না।

With knife and fork, day after day, husband and wife, from top to bottom

Meals

Rule-32: Meal এর নামের প- বে আমরা কোনো article ব্যবহার করি না। তবে এর সাথে Adjective থাকলে a/ an ব্যবহার করি।

I took x breakfast at 8:00 am

It was an excellent breakfast.

Transports

Rule-33: 'By + transport' থাকলে আমরা কোনো article ব্যবহার করি না। কিন্তু অন্যান্য ক্ষেত্রে আমরা article ব্যবহার করি।

I will not go by x launch again. When I was in the launch yesterday, I got very frightened.

Roads

Rule-34: road যুক্ত রাস্তার নামের সাথে আমরা 'the' ব্যবহার করি; কিন্তু street, lane, square or avenue এর

সাথে কোনো article ব্যবহার করি না।

I live in Jigatola near \times Rifles Square. Two years back, I was in \times Bonogram lane that originates from the BCC Road which is a branch of \times Rankeen street.

Castes

Rule-35. বহুবচন গোত্র বা বংশ এর সাথে আমরা 'the' ব্যবহার করি।

The Khans, the Pathans.

Physical Environment

Rule-36. আমরা town, country, seaside, sea, wind, rain, weather, sunshine etc এর সাথে 'the' ব্যবহার করি।

I love listening to the wind.

Production

A Use articles where necessary. Put a cross (x) where an article is not needed :

1. Punctuality is of great value to (a) — student. (b) — unpunctual boy who is late in the class will miss (c) — part of his lesson and fall (d) — behind other students. But a punctual student will learn his lesson in (e) — time and do well in the examination. Punctuality is the key to success in life. We all should be (f) — punctual in our activities.
2. Dowry means property or money brought by a bride to her (a) — husband. During marriage ceremony a section of greedy people claim much wealth or money from (b) — guardians of the brides. The poor illiterate girls become (c) — victims of dowry. If (d) — guardians fail to fulfill (e) — demand of the bridegroom, the brides are maltreated. So the poor cannot think of marriage of their daughters. It is (f) — social curse.
3. Journey is always (a) — pleasure to me. Wherever I go on a journey, my heart leaps with (b) — joy. But a journey by boat gives me (c) — greatest pleasure. Since Bangladesh is a land of rivers, it is (d) — easy matter to make (e) — journey by boat. Whenever I get an opportunity to make (f) — journey by boat, I make the best use of the opportunity.
4. English is an international language. We feel (a) — necessity of learning English at every step. This is the only language of international overseas business, communication, co-operation and (b) — co-existence. It is essential to receive (c) — foreign degree or higher education. All the good jobs need English knowing persons. So every educated man should know how to (d) — communicate in English. To learn and develop (e) — skills of English specially for the students is very important. No (f) — student should be ignorant of it.
5. A true friend is (a) — asset. He stands by his (b) — friend in time of danger. He is not a greedy man. He always wishes for (c) — welfare of his friend. But it is a matter of (d) — fact that an ideal friend is very rare today. (e) — selfish man cannot be a true friend. He thinks of his own (f) — interest.

B. Fill in the gaps of the following text with appropriate articles. Put a cross for zero article :

1. English is (a) — international language. It is spoken all over (b) — world. So the importance

of (c) — English cannot be described in words. All (d) — books of higher education are written in English. Today organizations need employees who can speak and write (e) — standard form of (f) — English. [JSC-2013]

বিগত বছরের পরীক্ষাগুলোতে পাঁচটি শব্দস্থান থাকলেও JSC পরীক্ষায় ছয়টি শব্দস্থান থাকবে বিধায় ছয়টি শব্দস্থান করে দেওয়া হলো।

2. The earth is (a) — planet. It belongs to (b) — family of (c) — sun centered solar system. This is (d) — most ideal place for human habitation among all planets so far discovered. (e) — world is full of (f) — variety. [DZ-2009]
3. Every woman is (a) — potential mother. (b) — future of a child depends on how it is brought up. In this case (c) — educated mother plays (d) — important role. She can bring a child up better than (e) — illiterate (f) — mother. [MZ-2009]
4. Patriotism is a noble (a) — virtue. It inspires (b) — man to shed the last drop of blood to defend the freedom of his country. (c) — man without patriotism is no better than (d) — beast. A true patriot thinks for (e) — welfare of (f) — his country. [RZ-2009]
5. Our life is (a) — sum total of hours, days and years. But all days are not equally memorable to us. Most of (b) — days are forgotten with (c) — passage of time. Only (d) — few days remain ever fresh in our memory. My first day at (e) — school is such (f) — amusing day. [RangZ-2009]
6. Football is (a) — popular game in our country. It is equally exciting to (b) — players and the spectators. It is a foreign (c) — game. It is popular all over (d) — world. It is played in (e) — open (f) — field. [CZ-2009]
7. (a) — 16th December is a red letter day in the history of Bangladesh. On this day, we achieved victory at the cost of (b) — bloody war. Bangladesh came into being as (c) — independent country. It occupied a place in the world map. Every year we observe (d) — day with due solemnity. We remember (e) — supreme sacrifice of our heroic sons. The day is a public holiday and (f) — national flag is hoisted on the top of each house. [CtgZ-2009]
8. Sports are not only a matter of entertainment but also an important aspect of the development of (a) — global relationship. (b) — sports venue is a meeting place of people from different countries. They can come closer to each other and express their views and (c) — opinions. They create (d) — sense of brotherhood among them. Thus they develop (e) — global relationship which is (f) — effective way of globalisation. [SZ-2009]
9. Newspaper is (a) — paper which carries news of (b) — home and abroad. It is such (c) — important thing without which we cannot think to pass even (d) — single day. In educated society, it is regarded as (e) — storehouse of (f) — knowledge. [KZ-2009]

10. My mother is (a) — very religious. She always advises me to follow (b) — path of truth and honesty. She bears (c) — good moral character.


She is very kind to (d) — poor. Actually (e) — mother is (f) — ideal housewife. [BZ-2009, 10]



Prepositions

Presentation

Preposition একটি noun বা pronoun বা noun equivalent-এর প-র্বে বসে তার সঙ্গে বাক্যের অন্য word এর সম্বন্ধ বুঝিয়ে দেয়। preposition এর পর ব্যবহৃত noun বা pronoun বা equivalent কে preposition এর object বলে। preposition এর নিজস্ব পরিপ-র্গ অর্থ না থাকলেও এগুলো বাক্যের মধ্যে বসে বাক্যের অর্থকে প-র্গতা দেয়। নিম্নের ছবিটি দেখ এবং প্যারাটিতে preposition এর ব্যবহার লক্ষ কর।



A fly came *through* the door. It flew *under* the chair. It crawled *up* the chair-leg. It stopped *on* the desk for a moment. It went *around* the telephone. It flew *into* the drawer. It went *out of* the window.

Bold-italic font- এর শব্দগুলো হলো prepositions লক্ষ করলে দেখা যাবে preposition গুলো বাক্যের বিভিন্ন স্থানে বসেছে। এখন জেনে নেই preposition কোথায় কোথায় বসে।

Preposition বিভিন্ন ক্ষেত্রে ব্যবহৃত হয় :

- দুটি noun/ pronoun/ noun phrase এর মাঝে: The boy in the class room is my brother.
- Verb ও Adverbials এর মাঝে: I live in Dhaka.
- Adjective যদি তার পরবর্তী NP কে modify না করে তবে মাঝে: I am proud of my son.

Kinds of preposition

গঠন ও কার্যের ভিন্নতা অনুসারে Preposition কে ছয় ভাগে ভাগ করা যায়।

1. **Simple** : সাধারণত একটি word দ্বারা simple preposition হয়। যেমন: at, on, in, for, with, of, off, etc.
2. **Double** : যখন দুটি simple preposition যুক্ত হয়ে একটি preposition এর মত কাজ করে তখন তাকে double preposition বলে।
যেমন: into (in + to), within (with + in), etc.
3. **Compound** : noun, adjective বা adverb এর প-র্বে simple preposition যুক্ত হয়ে যে preposition গঠিত হয় তাকে compound preposition বলে।
যেমন: across (on + cross), before (by + fore), beside (by + side), below (by + low)
4. **Phrase** : একটি phrase যখন একটি preposition এর মত কাজ করে তখন তাকে phrase preposition বলে। যেমন: in front of, out of, because of etc.
5. **Participle**: কতগুলো present participle এবং past participle অনেক সময় preposition এর মত কাজ করে তখন তাকে participle preposition বলে।
যেমন: regarding, concerning.
6. **Disguised**: কোনো কোনো ক্ষেত্রে on, at, of এর পরিবর্তে a

বা o ব্যবহৃত হয় তখন তাকে disguised preposition বলে।

যেমন: It is 10 o'clock (o'clock = of clock), He went a (a = on) hunting.

কখন কোন preposition

Preposition এর সাথে বাংলা বিভক্তির কিছুটা মিল রয়েছে।

তাই বোঝার সুবিধার্থে নিম্নে preposition ও বিভক্তির একটি

তুলনাম- লক ছক দেয়া হলো :

Rules	বিভক্তি	Preposition	Example
1	১মা	zero preposition	Mita reads a book. (মিতা বই পড়ে।) I go home. (আমি বাড়ি যাই।)
2	২য়া (কে, রে, প্রতি)	to	The boy goes to college. (বালকটি কলেজের দিকে যায়।) I gave a book to the boy. (আমি বালকটিকে একটি বই দিলাম।)
3	৩য়া (দ্বারা, দিয়া, কর্তৃক)	by (সম্বাদনকারী), with (যা দিয়ে করা হয়)	The table was decorated with flowers by Rahim. (টেবিলটি রহিমের দ্বারা ফুল দিয়ে সাজানো হয়েছিল।)
4	৪র্থী (জন্য)	for	He bought a shirt for me. (সে আমার জন্য একটি শার্ট কিনেছে।)
5	৫মী (হতে, থেকে, চেয়ে)	from, than	I came from Perojpur. (আমি পিরোজপুর থেকে এসেছি।) He is better than Rafi. (সে রাফির চেয়ে ভালো।)
6	৬ষ্ঠী (র, এর)	of	The pen of Rifat writes well. (রিফাতের কলমটি ভালো লেখে।)
7	৭মী (এ, য়, তে)	in, at	I live in Dhaka. (আমি ঢাকায় থাকি।) He is at home now. (সে এখন বাড়িতে আছে।)

ব্যবহারগত দিক দিয়ে আমরা দু ধরনের preposition পাই। যথা :

(i) Preposition of time

(ii) Preposition of position and place.

এখন বহুল ব্যবহৃত preposition নিয়ে আলোচনা করা হল।

Prepositions of time

Preposition	Use	Examples
Rule-8 In (মধ্যে)	(i) মাস	He was born in July.
	(ii) বছর	I passed HSC in 2003.
	(iii) ঋতু	I was there in autumn.

	(iv) রাত ছাড়া দিনের অন্যান্য ভাগ	I will come in the morning/the afternoon.
	(v) নির্দিষ্ট কিছু সময়কালের শেষ দিকে	I will meet you in a minute.
Rule-9 at	(i) শুধু রাত বা দুপুর এর ক্ষেত্রে	The moon shines at night/noon/midday
	(ii) ঘড়ির সময়	The ceremony began at 2 pm.
	(iii) উৎসব	Our college remains closed at Christmas.
	(iv) বয়স	She got married at 55.
	(v) fixed phrases	at the same time
Rule-10 on	(i) সপ্তাহের দিন	Marriage ceremony will be held on Sunday.
	(ii) মাসের তারিখ	Classes will start on September 12.
	(iii) দিনযুক্ত উৎসবের নাম	We will go to cinema on Christmas day.
	(iv) দিনের বিশেষ ভাগ এর সাথে তারিখ থাকলে	She was lost on the morning of September the 11 th .
	(v) কোন ঘটনা ঘটানোর সাথে সাথে বুঝতে	On reading the letter, she started weeping.
Rule-11 after	(i) কোন মুহূর্তে, ঘটনা, অবস্থা বা নির্দিষ্ট কিছু সময়কাল পর বুঝতে	(i) I will meet you after school. (ii) He fired shot after shot.
	(ii) পুন: পুন:	
Rule-12 before	নির্দিষ্ট কোন মুহূর্তে, ঘটনা বা অবস্থার পূর্বে	I will return the book before Christmas.
Rule-13 between	(i) দুয়ের মধ্যে	They will see you between Monday and Friday.
Rule-14 by	নির্দিষ্ট মুহূর্তে, সময়, দিন, মাস, বছর এর মধ্যে	You must complete your registration by August. এভাবে by January, by 1999
Rule-15 during	নির্দিষ্ট দিনের ভাগ, দিন, মাস, বছর, ছুটি, অনুষ্ঠানের পুরো সময় ব্যাপিয়া	during the holidays, during the winter, during my service
Rule-16 for	নির্দিষ্ট কিছু সময়কাল ব্যাপিয়া অর্থাৎ কতক্ষণ ধরে হবে" ছ তা বুঝায়	for three weeks, for five years, for five minutes. You have been ill for two weeks.
Rule-17 from ... to from ... till,	কোন একটা মুহূর্তে থেকে অন্য একটা মুহূর্ত	from Monday to Wednesday from Monday

until	পর্যন্ত	till Wednesday from Monday until Wednesday
Rule-18 since	নির্দিষ্ট একটা মুহূর্ত পর্যন্ত কতটুকু সময় তা বুঝানোর জন্য	since Monday
Rule-19 throughout/ through	ব্যাপিয়া / পুরো	He danced throughout the night. It rained the whole night through.
Rule-20 Till/until	নির্দিষ্ট মুহূর্তে, সময়, দিন, মাস, বছর পর্যন্ত	till tomorrow, until tomorrow
Rule-21 within	নির্দিষ্ট কিছু সময়কাল এর মধ্যে	within a day, within two days/weeks/ months

☑ Prepositions of position and direction

Rule-22 : Above

- (i) কোনো নির্দিষ্ট তাপমাত্রা, উ" চতা, শব্দ, পদমর্যাদার চেয়ে বেশি :
The temperature is three degrees above zero.

Rule-23 : About

- (i) স্থান বা কাল সংখ্যা অর্থে কাছাকাছি / আশে পাশে : He is walking about the street.
(ii) সম্বন্ধে, সম• কে বিষয়ে: I know nothing about the incident.

Rule-24 : Across

- (i) কোনো কিছু তলের এপার থেকে ওপারে যাওয়া(প্রস্থের দিক দিয়ে): The girl is running across the road.

Rule-25 : After

- (i) কারো পর বা কোনো কিছুর পর: C comes after B.

Rule-26 : Against

- (i) শারীরিক বা বুদ্ধিবৃত্তিক দিক দিয়ে কারো বা কোনো কিছুর বিপরীত বা বির" ম্ধ: He was leaning against the wall.

Rule-27 : Along

- (i) দৈর্ঘ্যের দিক দিয়ে বরাবর যাওয়া/ অবস্থান: The man is walking along the corridor.

Rule-28 : Among

- (i) তিন/ততোধিকের মধ্যে থাকা, কাজ করা, কিছু দেয়া: We are working among the poor.

Rule-29 : Around

- (i) কোনো কিছু চারদিকে ঘোরা, অবস্থান করা: There are many things around us

Rule-30 : At

- (i) কোনো নির্দিষ্ট দিকে দৃষ্টি /তাক: She often smiles at me. এভাবে look at, stare at, wave at, wink at, shout at, rush at somebody. They started throwing stones at them.
(ii) বিভিন্ন, গ্রেসেহারা, থিয়েটার, দোকান, স্কুল ইত্যাদির নামের পূর্বে, লেখাপড়া বা চাকুরির স্থানের পূর্বে: She works at the hospital.
(iii) ঠিকানার পূর্বে: He lives at 322/F Rampura, Dhaka.
(iv) ম— ল্যের হার বা দ্র" ততার গতি বুঝতে: I am now

driving at 70 mph.

- (v) নির্দিষ্ট কিছু বিশেষ্য ও বিশেষণ এর পর: He is good at English. এভাবে clever at, skilled at, hopeless at, busy at, impatient at, amused at, delighted at, puzzled at. Genius at, anger at.

Rule-31 : Before

- (i) কারো উপস্থিতিতে: I can tell this before all.

Rule-32 : Behind

- (i) কোনো ব্যক্তির বা বস্তু পিছনে অবস্থান করা বা কিছু করা: Work behind the counter.

Rule-33 : Below

- (i) কোনো উ" চতা, তাপমাত্রা, অবস্থান করা বা পদমর্যাদার চেয়ে নিচে অবস্থান: Do not write below this line.

Rule-34 : Beside

- (i) কোনো ব্যক্তি বা বস্তু পাশে: A table by/ beside the bed.

Rule-35 : Besides/with

- (i) কোনো কিছু করা বা থাকা ছাড়াও: Besides a table, I need a chair.

Rule-36 : Between

- (i) দুয়ের মধ্যে বুঝাতে : Distribute the cake between two brothers.

Rule-37 : By

- (i) যার দ্বারা বা যার মাধ্যমে কাজটি সম্• দিত হয় তার প- বে: Those who became great have become so by hard labour.

Rule-38 : Close to

- (i) নিকটে: Our house is close to the supermarket.

Rule-39 : Down

- (i) নিচের দিকে পড়েছে বা নামছে বুঝাতে: The man is coming down the stairs.

Rule-40 : For

- (i) যার উদ্দেশ্যে থাকে বা রওনা হয় তার প- বে: I was ready for the function.
(ii) কোনো কিছু বা কারো পক্ষে, জন্য সহায়তায় কিছু করা: Here is a piece of advice for you.

Rule-41 : From

- (i) যে কাজের ফলে কিছু ঘটে তার প- বে: Two or three frogs died from injury.
(ii) যে উপাদান দিয়ে তৈরি -এক্ষেত্রে উপাদানটি পুরোপুরি পরিবর্তিত হয়ে যায়: Paper is made from bamboo.
(iii) কোনো কিছু থেকে দ- রে থাকা বুঝাতে : He will remain aloof from civilized world.

Rule-42 : In (মধ্যে)

- (i) একটি ত্রিমাত্রিক স্থানের মধ্যে অবস্থিত বা কিছু হ" ছ: The world we live in is full of different things.
(ii) ক্ষেত্রে বুঝাতে : I got first prize in the debate competition.

Rule-43 : In front of

- (i) সামনা সামনি: Our house is in front of the supermarket.

Rule-44 : Inside

- (i) কোনো ত্রিমাত্রিক স্থানের ভিতরে অবস্থান বা কিছু করা: You

should not stay inside the room.

Rule-45 : Into

- (i) বাহির থেকে কোনো ত্রিমাত্রিক স্থানের ভিতরে নেয়া বা যাওয়া: We are moving our bed into our room.

Rule-46 : Near

- (i) কোনো কিছুর নিকটে : Our house is near the supermarket.

Rule-48 : Of

- (i) এর/ সম্বন্ধে, যোগস- ত্র, মালিকানা বুঝাতে: Description of the project/ incident.
(ii) যে উৎস দিয়ে জাত: He comes of a noble family.

Rule-49 : Off

- (i) কোনো নির্দিষ্ট তল থেকে বাইরে যাওয়া বা বি" ছন্ন হওয়া বুঝায়: The cat jumped off the roof.

Rule-50 : on (উপর)

- (i) কোনো তলের উপর অবস্থান বা কিছু ঘট: The girl is on the mat.
(ii) কোনো কমিটি, স্টাফ বা বোর্ডের সদস্য বুঝাতে: He is on the committee.
(iii) কোনো 'বিষয়ের' উপর আলোচনা বা লেখা বুঝাতে : The debate competition on the topic "The importance of English."

Rule-51 : Out of

- (i) কোনো ত্রিমাত্রিক স্থানের ভিতর থেকে বাইরে নেওয়া বা যাওয়া বা অবস্থান: The villagers were out of their cottages.

Rule-52 : Outside

- (i) কোনো ত্রিমাত্রিক স্থানের বাইরে: Can you wait outside the room?

Rule-53 : Over

- (i) না ছুঁয়ে সরাসরি যে জিনিসের উপর আছে তার প- বে: The sun shone brightly over the village.
(ii) যার উপর দিয়ে যায়: The cat jumped over the wall.
(iii) এপার থেকে ওপার পর্যন্ত বিস্ৃত: a bridge over the river.

Rule-54 : Through

- (i) কোনো কিছুর মধ্য দিয়ে অতিক্রম করা: The heroes pass through ups and downs of life.

Rule-55 : Throughout

- (i) ব্যাপিয়া / জুড়ে: Protest was arranged throughout the country.

Rule-56 : To

- (i) কোনো স্থানের দিকে/ উদ্দেশ্যে/ প্রতি/ অভিম- খে: Take me to the airport please.

Rule-57 : Under/beneath

- (i) কোনো কিছুর নিচে/ কোনো কিছু দিয়ে ঢাকা কিন্তু তল ছুঁয়ে আছে: The cat is under the table.
(ii) কোনো নির্দিষ্ট পরিমাণ/দ- রত/সময়/ বয়সের নিচে: If you are under 35, you can apply.

Rule-58 : Up

(i) নিচ থেকে উপরে যাওয়া: He went up the hill.

Rule-59 : With

(i) যে জিনিসের সাহায্য করা: a jug filled with water, write with pen.

(ii) সঙ্গে/ সাথে: You should communicate with others in English.

Rule-60 : Without

(i) ব্যতীত: To work without pause is tiresome.

Appropriate Preposition

ইংরেজিতে Noun, Adjective এবং Verb-এর পরে যে বিশেষ Preposition বিশেষ অর্থে বসে তাকে Appropriate Preposition বলে। নিচে কিছু উদাহরণ দেওয়া হলো : (Note : sth → something; swh → somewhere; sb → somebody)

abide by sth (কোনো কিছু মেনে চলা)—We have to abide by social rules.

abide in swh (কোথাও থাকা)—Man abides in society.

access/ accessible to sth/swh (কোনো কিছুতে প্রবেশাধিকার)—The students had easy access to his room.

according to sth (কোনো কিছু অনুসারে)—He leads his life according to religion.

accustomed to sth (কোনো কিছুতে অভ্যস্ত)—A man accustomed to hard work is not afraid.

addicted to sth (কোনো কিছুতে নেশাগ্রস্ত)—People addicted to smoking often suffer from various diseases.

admit sb to/into swh (ভর্তি হওয়া)—But I will try to get myself admitted into Ideal School.

afraid of sth/ sb (কোনো কিছু নিয়ে ভীত)—He is not afraid of any work.

agree with sb about/on sth (কারো সাথে একমত হওয়া)—I agree with my mother about most things.

agree to a suggestion/ proposal (প্রস্তাবে একমত হওয়া)—I agree to your plan.

aloof from sth/ sb (কোনো কিছু থেকে দূরে থাকা)—We should not keep ourselves aloof from the civilized world.

alternative to sth (কোনো কিছুর বিকল্প)—There is no alternative to death.

ambition of being sth/doing sth (কোনো কিছুর জন্য উচ্চাকাঙ্ক্ষা)—He has strong ambition of worldly belongings.

angry with sb about/at/over sth (রাগান্বিত)—I am angry with you about your delay.

annoyed with sb at/ by/ about sth (কোনো কারণে কারো প্রতি বিরক্ত)—He got very annoyed with me about my carelessness.

anxious about sth/sb (কোনো কিছু নিয়ে উদ্বেগ)—I am very anxious about your studies.

appear before sb (কারো সামনে উপস্থিত হওয়া)—He appeared before the committee.

arrive at/in swh (পৌঁছানো)—When did you arrive in England?

ashamed of sth/sb (কোনো কিছু নিয়ে লজ্জিত)—He was ashamed of the news.

ask for sth (চাওয়া)—Can I ask for a favour?

attempt to sb/ sb's life to do sth (কোনো কিছু করার চেষ্টা করা)—Men attempt to escape death.

attend on sb/sth (কোনো কিছু/ ব্যক্তির যত্ন নেওয়া বা মনোযোগ দেওয়া)—A nurse attends on her patients.

attraction of sb to sth (কোনো কিছুর জন্য আকর্ষণ)—I have no attraction to smoking.

available in (প্রাপ্তব্য)—All the best is available in English.

aware of sth (কোনো কিছু সম্বন্ধে সচেতন)—He is aware of his duties.

belong to (কারো অধিকারে থাকা)—This palace belongs to the orphanage.

beneficial to sth/sb (উপকারী)—It is not beneficial to health.

Bestow sth on/upon sb (কাউকে প্রদান করা)—Almighty has bestowed many things on us.

blessed with sth/sb (কোনো কিছুর দ্বারা আশীর্বাদপুষ্ট)—She was blessed with motherly affection.

bring about sth (কোনো কিছু ঘটানো)—Evil deeds bring about ruin.

build up sth (নির্মাণ করা)—Education will build up their character.

busy with sth/sb (কোনো কিছু নিয়ে ব্যস্ত)—He is always busy with his work.

care about sth/sb (কোনো ব্যক্তিকে গুরুত্ব দেওয়া)—But I don't care about money.

come round (সুস্থ হওয়া)—He will come round soon.

communicate with sb (কারো সাথে যোগাযোগ রাখা)—We should learn English to communicate with others.

compensate for sth (ক্ষতিপূরণ দেওয়া)—We will compensate for the loss.

competent for doing sth (কোনো কিছুতে যোগ্য)—You are competent for the post.

concentrate on sth (কোনো কিছুতে মনোযোগ দেওয়া)—I just try to concentrate on the job.

congenial to sth/sb (কোনো কিছুর অনুকূল)—Fresh air is congenial to our health.

congratulate sb on sth (কাউকে কোনো ক্ষেত্রে সফলতার জন্য অভিবাদন)—I congratulate you on your success.

conscious of sth (কোনো কিছু সম্বন্ধে সচেতন)—He was conscious of his duties.

consist in sth (কোনো কিছুর মধ্যে বিদ্যমান থাকা)—Happiness consists in contentment.

consist of sth (কোনো কিছুর সমন্বয়ে গঠিত)—Our family consists of five members.

content with sth (কোনো কিছু নিয়ে তৃপ্ত)—Some are content with what they have.

contribute sth to/towards sth (কোনো কিছুতে অবদান রাখা)—Nowadays women can contribute to the family income.

covered with sth (আবৃত)—About 72 percent of the surface is covered with water.

deal in sth (কোনো কিছুর ব্যবসা করা)—He deals in books.

deal with sth/sb (কোনো কিছু আলোচনা করা/সমাধান করা)—You should deal with your problem.

depend/ dependent on sb/ sth (But independent of) (কোনো কিছু/ ব্যক্তির উপর নির্ভর করা)—The future of a country depends on the students.

desire for sth (কোনো কিছুর জন্য আকাঙ্ক্ষা)—Everyone has desire for wealth.

[Note : *desire* যখন *verb* হিসেবে ব্যবহৃত হয় তখন এরপর *preposition* বসে না। *Everyone desires* \times *wealth.*]

detrimental to sth (কোনো কিছুর জন্য ক্ষতিকর)—Smoking is detrimental to health.

devoted to sth/ sb (কোনো কিছু/ ব্যক্তির প্রতি একান্তভাবে নিয়োজিত)—Zilani was devoted to his mother.

die of/die from/die for (কোনো রোগে মরা/ কোনো কারণে মরা/ আত্মত্যাগ করা)—He died of cholera. Two or three frogs died from stones thrown by the boys. Patriots die for the country.

divide among/ between people (কারো মধ্যে ভাগ করে দেয়া)—Divide the mangoes among the boys.

divide sth into parts (কোনো কিছুকে অংশে ভাগ করা)—Greece was divided into many cities.

end in sth (ভালো মন্দ কোনো পরিণতি লাভ করা)—My effort did not end in smoke.

escape from sth (কোনো কিছু থেকে মুক্তি)—Man has no escape from death.

essential to/ for sb for occurring sth (কারো কাছে কোনো কিছুর জন্য প্রয়োজন)—Holidays are essential to/ for our life.

enter/ place—enter এর পর place থাকলে preposition বসে না। He entered the room.

faith in sth/ sb (কোনো কিছুতে কাহারও উপর বিশ্বাস থাকা)—Everyone must have faith in Allah.

familiar with sth (কোনো কিছুর সাথে পরিচিত)—I am familiar with the job.

fill sb with sth (কোনো কিছু দিয়ে পূর্ণ করা)—The cities are filled with fume and smoke.

fond of sth (কোনো কিছুর অনুরাগী)—A good student is fond of books.

full of sth (কোনো কিছু দিয়ে পূর্ণ)—The world is full of different things.

full to the brim (কানায় কানায় পূর্ণ)—The river is full to the brim.

get rid of sth (কোনো কিছু থেকে মুক্তি পাওয়া)—They help us to get rid of the din and bustle of life.

give up sth/ sb (কোনো কিছু ত্যাগ করা)—It is high time we gave up the habit of covetousness.

go through (পড়া)—You should go through English newspapers, story books etc.

good at sth (কোনো কিছুতে দক্ষ)—Hasan is good at English.

greed for (কোনো কিছুর জন্য লোভ)—One shouldn't have greed for excessive money .

guilty of (দোষী)—The man is guilty of theft.

hanker after/for sth (কোনো কিছুর জন্য লালায়িত হওয়া)—Some people hanker after riches.

harmful to sth (কোনো কিছুর/ কারো জন্য ক্ষতিকর)—It is harmful to our health.

hinder sb/sth from sth/doing sth (কোনো কিছু করতে কাউকে বিঘ্নিত করা)—It hindered him from going abroad.

hindrance to sb/ sth (কারো কাছে বা কোনো কিছুতে অন্ত্রায়)—Poverty is a hindrance to success.

hit upon/on sth (হঠাৎ মনে কোনো কিছু উদয় হওয়া)—He hit upon a plan to set up peace in the country.

hostile to sb (বিরোধী)—The Pak armies were hostile to the freedom fighters.

in a fix about (কোনো কিছু নিয়ে বিব্রত)—I am in a fix about this matter.

in order of (sth) (কোনো কিছু অনুসারে)—You have stood first in order of merit.

in spite of (সত্ত্বেও)—In spite of being poor, the village people are still very hospitable.

indifferent to (উদাসীন)—A good student is never indifferent to his students.

indulge in (গা ভাসিয়ে দেওয়া)—Many boys are seen indulged in evil deeds.

inform sb of sth (কাউকে কোনো কিছু অবহিত করা)—He informed me of the incident.

injured in (accident) (কোনো কিছুতে আহত)—At least 10 people were injured in the accident.

injured by (কারো দ্বারা আহত)—A man was injured by a criminal.

injurious to sth (কোনো কিছুর জন্য ক্ষতিকর)—Smoking is injurious to health.

insisted on sth/doing sth (জোর দিয়ে বলা বা পীড়াপীড়ি করা)—You insisted on my early return.

interested in sth/sb (কোনো কিছুতে অনুরক্ত বা আগ্রহী)—Our people are interested in our own culture.

keen on (কৌতুহলী)—I am keen on learning English.

key to sth (কোনো কিছু সমাধানের সহায়ক)—Industry is the key to success.

kind to sb (কারো প্রতি দয়া করা)—He is always kind to me.

knocking at (সন্নিহিত)—HSC Exam is knocking at the door.

take leave of sb (ত্যাগ করা)—Cordellia took leave of her sisters.

listen to sth (শোনা)—You can listen to BBC, CNN.

look after sb/ sth (দেখাশোনা করা)—She should look after her husband's welfare.

look for sb/ sth (কোনো কিছু খোঁজা)—I am looking for a good teacher.

name sb/ sth after sb/ sth (কোনো ব্যক্তি/কোনো কিছুর নামে কোনো ব্যক্তি/কোনো কিছুর নাম রাখা)—Eiffel Tower was named after Gustave Eiffel.

necessary for sb/sth to do sth (কারো জন্য অপরিহার্য)—They are necessary for our existence.

on the bank of sth (কোনো কিছুর তীরে)—My village is on the bank of the Padma.

owe sth to sb (কারো কাছে ঋণী)—I owe to my parents.

pleasure in/of sth/ doing sth (কোনো কিছুতে সন্তুষ্টি)—You will find pleasure in swimming.

preside over (প্রতিনিধিত্ব করা) The Headmistress presided over the function.

prevail in sw (বিরাজ করা)—Dowry prevails in Bangladesh.

proud of sb/sth (গর্বিত)—Kabir is very proud of his talent.

put on sth (পরিধান করা)—Put on warm clothes.

put up with (সহ্য করা)—I will not put up with this.

reason for (কারণ)—Show me reason for your absence.

refrain from doing sth (কোনো কিছু করতে বাধা দেয়া)—We refrain them from putting up barricade.

relief of/ from sth (কোনো কিছু থেকে মুক্ত)—They give us relief from heavy pressure.

rely on sth/sb (নির্ভর করা)—Success must rely on hard work.

remedy for sth/against (problem) (কোনো কিছুর প্রতিকার)—There is no remedy for cancer.

run after sth/sb (কোনো কিছুর পিছু নেওয়া)—We should not run after money.

run sb/sth over (যানবাহন যখন ব্যক্তি/ বস্তুকে চাপা দেয়)—A student was run over by a car.

satisfied with sb/sth (কারো প্রতি সন্তুষ্ট)—Man is not satisfied with what he has seen.

save from sth (রক্ষা করা)—We should try to save this art from ruination.

skim through (ভাসাভাসা পড়া)—I skim through the newspapers.

stand for sth (অর্থ হওয়া)—SP stands for police super.

struggle against (কোনো কিছু/কারো বিরুদ্ধে সংগ্রাম করা)—Kazi Nazrul Islam struggled against deprivation.

succumb to sth (পরাজিত হওয়া)—They succumbed to injuries.

suffer from sth (problem) (কোনো কিছু থেকে ভোগা/ কষ্ট পাওয়া)—He suffers from inner conflict.

take care of sb/sth (কারো/কোনো কিছুর যত্ন নেওয়া) She takes care of her father.

take part in sth (কোনো কিছুতে অংশগ্রহণ করা) He took part in the competition.

take pride in sth (কোনো কিছু বা কারো জন্য গর্ববোধ করা)—Nobody should take pride in his profession.

thankful to sb for sth (কোনো কিছুর জন্য কারো প্রতি কৃতজ্ঞ)—He was thankful to Allah for his riches.

thirst for (কোনো কিছুর জন্য তৃষ্ণা)—Man has thirst for knowledge.

tired of sth (কোনো কিছু নিয়ে তৃষ্ণাবিরক্ত)—The politicians are not tired of flattery.

tolerant of sth (সহনশীল)—They are not tolerant of any criticism.

true to one's word/ promise (কথা/ প্রতিশ্রুতি রাখা)—An honest man is true to his word.

useful to sb for sth/doing sth (উপকারী)—Many animals are very useful to man.

vary from A to B (আলাদা হওয়া)—It varies from man to man.

victim to (কোনো কিছুর শিকার)—So he does not fall a victim to any greed.


worthy of sth (কোনো কিছুর যোগ্য/ দাবীদার)—He was really worthy of praise.

Practice



A. Look at the picture and fill in the blanks with appropriate preposition. (ছবিগুলো দেখ এবং সঠিক preposition দিয়ে শ- ন্যস্থানগুলো প- রণ কর।)

 (i) The bird is — the cage.	 (ii) She's jumping — the water.	 (iii) He's getting — the car.	 (iv) They're waiting — the bank.	 (v) The jug is — the table.
 (vi) The case is — the wardrobe.	 (vii) She's putting her luggage — the trolley.	 (viii) He's falling — the horse.	 (ix) She's — the bus stop.	 (x) The table is — the bed.
 (xi) She's sitting — Joe.	 (xii) The coach is going — London.	 (xiii) The letter is — Chicago.	 (xiv) He's walking — the sun.	 (xv) There's a bridge — the river.
 (xvi) He's — the car.	 (xvii) The plane is — the clouds.	 (xviii) The temperature is — zero.	 (xix) The cyclist is — the bus.	 (xx) The cyclist is — the tractor.
 (xxi) He's going — the stairs.	 (xxii) He's coming — the stairs.	 (xxiii) She's running — the road.	 (xxiv) The cars are going — the tunnel.	 (xxv) He's walking — the street.
 (xxvi) The house is — the trees.	 (xxvii) She's sitting — Joe.	 (xxviii) They're running — the track.	 (xxix) She's getting — the taxi.	 (xxx) He's going — the ladder.
